কুষ্টিয়ায় মাথায় ইট পড়ে নির্মাণ শ্রমিকের মৃত্যু

কুষ্টিয়ায় মাথায় ইট পড়ে নির্মাণ শ্রমিক শুভন (১৮) নামে এক কিশোরের মৃত্যুর ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার দুপুরের দিকে ইবি থানাধীন ঝাউদিয়া মাজপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত শুভন কুষ্টিয়া সদর উপজেলার মাজিলা গ্রামের মিরাজুল ইসলামের ছেলে। পেশায় ছিলেন রাজমিস্ত্রীর সহকারী।

স্থানীয় সূত্রে জানা যায়, সকালের দিকে কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয় ঝাউদিয়া মাজপাড়া জামে মসজিদ নির্মাণ কাজের জন্য। মসজিদের সানসেটের উপরে নিচ থেকে ইট তুলে রাখার সময় অসাবধনাবশত সানসেটে থাকা ইট পড়ে শুভনের মাথায় আঘাত লাগে। পরে তার অবস্থা আশংকাজনক হওয়ায় স্থানীয়দের সহযোগিতায় তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। পরিবারের একমাত্র ছেলে থাকায় তার মৃত্যুতে শোকাহত হয়েছে নিহতের পরিবার।